



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯১.১৩- ৩৫৭০

তারিখ : ১৩/০৩/২০১৬ খ্রিঃ

বিষয় : মনিরামপুর উপজেলা মাঠ সংগঠক জনাব হাজিরা খাতুন-কে সাময়িক বরখাস্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের যশোর জেলার মনিরামপুর উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব হাজিরা খাতুন কর্তৃক 'দমআক' এ কর্মকালীন সময়ে ০৮ (আট)টি সমিতির বিপরীতে ৩,২২,৯৮০/- (তিন লক্ষ বাইশ হাজার) টাকা এবং দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পে কর্মকালীন সময়ে ০৩ (তিন) টি সমিতির বিপরীতে ৮,৪৭,৬৭১/- (আট লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত একাত্তর) টাকা অর্থাৎ সর্বমোট ১১ (এগার)টি সমিতির বিপরীতে (৩,২২,৯৮০ + ৮,৪৭,৬৭১) = ১১,৭০,৬৫১/- (এগার লক্ষ সত্তর হাজার ছয়শত একাত্তর) টাকা তার বিতরণকৃত ঋণ হতে মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। মাঠ সংগঠক হিসেবে আপনার দায়িত্ব নিয়মিত সমিতি পরিদর্শনসহ ঋণের কিস্তি আদায় করা; কিন্তু আপনি তা না করার কারণে সরকারের বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ হয়েছে। এতে প্রতীয়মান হয় আপনি সদস্য অন্তর্ভুক্তি হতে ঋণ বিতরণ ও আদায় পর্যন্ত সকল ক্ষেত্রে প্রকল্পের কোন নিয়ম না মেনে স্বেচ্ছাচারিতার আশ্রয় নিয়েছেন। আপনার এহেন আচরণ কর্তব্য কাজে অদক্ষতা, গাফিলতী, অনীহা এবং সরকারী দায়িত্ব পালনে ব্যর্থতা হিসেবে গণ্য করে আপনাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো। বরখাস্তকালীন সময়ে আপনি মনিরামপুর উপজেলায় সংযুক্ত থেকে আগামী ৩০শে মে, ২০১৬ খ্রিঃ মধ্যে উল্লেখিত মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় নিশ্চিত করবেন। ব্যর্থতায় নিয়োগ পত্রের শর্ত মোতাবেক কোন প্রকার কারনদর্শনো ব্যতীত প্রকল্পের চাকুরী হতে আপনাকে সরাসরি চূড়ান্ত ভাবে বরখাস্ত করা হবে। উল্লেখ্য, বরখাস্ত কালীন সময়ে আপনি নিয়ম মোতাবেক খোরাকী ভাতা মনিরামপুর উপজেলা হতে প্রাপ্য হবেন। বর্ণিত ১১,৭০,৬৫১/- (এগার লক্ষ সত্তর হাজার ছয়শত একাত্তর) টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপীর মধ্যে যদি আপনার কর্তৃক আত্মসাৎ/হস্তমজুদ প্রমাণিত হয় তাহলে আপনার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

স্বাক্ষরিত/-

১৩/৩/২০১৬ খ্রিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

জনাব হাজিরা খাতুন
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি
উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯১.১৩- ৩৫৭০

তারিখঃ ১৩/০৩/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর (মাঠ সংগঠক জনাব হাজিরা খাতুন এর মেয়াদোত্তীর্ণ সমিতি সরেজমিনে পরিদর্শন করে তার হস্তমজুদ/আত্মসাৎ প্রমাণিত হলে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের এবং এ বিষয়ে প্রকল্প সদর দপ্তরকে নিয়মিত অগ্রগতি অবহিত করার জন্য বলা হলো। মামলার ব্যয় প্রকল্পের সেবা-মূল্যের পরিচালনা ব্যয় হতে নির্বাহ করা যাবে)।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে উপরোক্ত বিষয়টি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে)।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, যশোর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

মোঃ শাহজাহান

উপ প্রকল্প পরিচালক (প্রশাঃ)

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।